# U.G. 3rd Semester Examination - 2020

# BENGALI

**Course Code : BBNGSEHT305**

**Course Title : অনুবাদ ও প্রুফ সংশোধন**

পূর্ণমান : ৫০ সময় : ২ ঘন্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

সঠিক বিকল্প নির্বাচন করে প্রতিটি প্রশ্নের উত্তর দাও: ২৫×২=৫০

১। অনুবাদ বলতে বোঝায় —

(a) নিজের ভাষায় লেখা (b) ভাষান্তর

(c) যে ভাষায় লোক বুঝতে পারে (d) কোনোটিই নয়।

২। ইংরেজি থেকে বাংলায় অনুবাদ বাংলা বাক্য সম্পর্কে কোন্ বিবৃতিটি সঠিক?

(a) বাংলা বাক্যে ক্রিয়াপদ উহ্য থাকতে পারে।

(b) ইংরেজি বাক্যে ব্যবহৃত বাক্যালংকার — it, there, may প্রভৃতি পদগুলি বঙ্গানুবাদে পরিত্যাগ করতে হবে।

(c) ইংরেজি বাক্যের ক্রিয়ার কাল বঙ্গানুবাদে যথাসম্ভব রক্ষা করতে হবে।

(D) উপরের সবকটিই ঠিক।

৩। অনুবাদ যে রকমের হয় —

(a) দুই রকম (b) তিন রকম (c) চার রকম (d) কোনোটিই নয়।

৪। নীচের কোন্ বিবৃতিটি বঙ্গানুবাদের ক্ষেত্রে যথার্থ নয়?

(a) অনুবাদ যথাসম্ভব আক্ষরিক করার দিকে লক্ষ রাখতে হবে।

(b) মূলের প্রত্যক্ষ বা পরোক্ষ উক্তিকে বাংলা অনুবাদেও অক্ষুণ্ণ রাখতে হবে।

(c) ইংরেজি বাক্যের পদবিন্যাস রীতি বাংলাতেও হুবহু অনুসরণযোগ্য

(d) কোনোটিই যথার্থ নয়।

৫। ইংরেজি বাক্যের গঠন সম্পর্কে নীচের কোন্ বিবৃতিটি ঠিক?

(a) ইংরেজি নির্দেশক বাক্যের পদসংস্থান ঃ কর্তা+ক্রিয়া+কর্ম+ (অন্যান্যপদ)

(b) ইংরেজি প্রশ্নবোধক বাক্যের পদক্রম ঃ ক্রিয়া / সহায়ক ক্রিয়া + কর্তা।

(c) ইংরেজি বাক্যে ক্রিয়াবিশেষণটি মূল ক্রিয়ার পরে বসে।

(d) সবকটি বিবৃতিই ঠিক।

৬। নীচের কোন্ বিবৃতিটি ইংরেজিতে অনুবাদের ক্ষেত্রে প্রযোজ্য নয়?

(a) ইংরেজি বাক্যে ক্রিয়াপদের ব্যবহার আবশ্যিক। (b) অস্ত্যর্থক বাক্যের অনুবাদ নস্ত্যর্থক করতে হবে।

(c) বিরাম চিহ্নের ব্যবহার সম্বন্ধে সতর্ক থাকতে হবে। (d) মূল বাক্যের ক্রিয়ার কাল অনুবাদেও রক্ষা করতে হবে।

৭। 'There are many fishes in the pond'-এর বঙ্গানুবাদ হবে—

(a) সেখানের পুকুরে অনেক মাছ আছে। (b) পুকুরে অনেক মাছ ছিল।

(c) পুকুরে অনেক মাছ আছে। (d) সবকটিই ঠিক।

৮। 'He has gone to the dogs'-এর সঠিক বাংলা অনুবাদ হল—

(a) সে কুকুরের সঙ্গে গিয়েছে। (b) সে ডগায় উঠে গিয়েছে।

(c) সে গোল্লায় গিয়েছে। (d) সে কুকুরের কাছে গিয়েছে।

৯। 'Our college is at a stone's throw from our house' - এর সঠিক বঙ্গানুবাদ হল —

(a) আমাদের বাড়ি থেকে কলেজে ঢিল ছোঁড়া যায়। (b) আমাদের কলেজ আমাদের বাড়ির খুব নিকটেই অবস্থিত।

(c) a ও b দুটিই ঠিক। (d) a ও b দুটিই ভুল।

১০। 'At dead of night' - এর সঠিক বঙ্গানুবাদ হবে —

(a) রাত্রির মৃত্যুতে (b) ভোর রাতে (c) গভীর রাত্রিতে (d) সবকটিই ঠিক

১১। 'He was tremling in terror' - বাক্যটির বঙ্গানুবাদ হবে —

(a) তিনি ভয়ে কাঁপছেন (b) তিনি ভয়ে কাঁপছিলেন (c) তিনি ভয় পাওয়াচ্ছেন (d) কোনোটিই ঠিক নয়

১২। 'সততা একটি মহৎ গুণ।' — ইংরেজিতে হবে —

(a) Honesty is a big wealth. (b) Honety is great truth.

(c) Truth is wealth. (d) Honesty is a great virtue.

১৩। 'দুনিয়াটা হল একটি দর্পণের মতো।' — ইংরেজি অনুবাদটি হবে-

(a) The Earth is like a mirror. (b) The world is like a looking glass.

(c) Both are correct. (d) Both are incorrect.

১৪। 'তিনি বাংলা ছাড়াও ইংরেজি জানেন'। — ইংরেজিতে অনুবাদ হবে —

(a) He know Bengali and English. (b) He knows English besides Bengali.

(c) A and B both are correct. (d) Bengali and English is known to him.

১৫। 'মারা যাওয়া' বোঝাতে কোন্ ইংরেজি শব্দগুচ্ছটি ব্যবহার করবে?

(a) To pass for (b) To pass over (c) To go out (d) To pass away

১৬। 'Cats and dogs' এই শব্দগুচ্ছটির বাংলা অর্থ হল —

(a) কুকুর ও বেড়াল (b) বেড়াল ও কুকুরগুলি (c) মুষলধারে (d) কোনটিই নয়

১৭। 'প্রুফ' হল —

(a) লেখকের হাতে লেখা কপি (b) DTP করা প্রথম মুদ্রিত কপি

(c) যে-কোন ছাপা কপি (d) কোনোটিই নয়

১৮। বাংলা প্রুফ সংশোধনের সময় কোন্ বানানবিধি মেনে চলা উচিত?

(a) বাংলা আকাদেমি বানান অভিধান (b) যে-কোনো বাংলা অভিধানের বানান

(c) a ও b দুটোই (d) কোনোটিই নয়।

১৯। প্রুফে বাদ গিয়েছে। পাণ্ডুলিপি দেখে ঠিক করতে হবে— এটা বোঝাতে কী ব্যবহার করা হয়?

(a) run on (b) trs (c) See copy (d) d

২০। বাঁকা অক্ষর বসাতে হবে, বোঝানোর জন্য প্রুফে যে চিহ্ন ব্যবহৃত হয় —

(a) y (b) Ital (c) $F_1$ (d) trs.

২১। প্রুফ সংশোধনে # চিহ্নটি দিয়ে বোঝানো হয় —

(a) ফাঁক দাও (b) ফাঁক কমাও (c) জুড়ে দাও (d) বাঁকা অক্ষর

২২। কোনো অক্ষর বা অংশ প্রুফ থেকে বাদ দিতে হবে বোঝানোর জন্য ব্যবহৃত হয় —

(a) xx (b) d (c) less # (d) ʎ

২৩। উর্দ্ধকমা বসাতে হবে, বোঝানোর জন্য প্রুফে যে চিহ্ন ব্যবহার করবে—

(a) ‘) (b) ‘) (c) ⌣’| (d) ⌣‘|

২৪। 'পাণ্ডুলিপি' বলতে বোঝায় —

(a) ধূসর লিপি (b) লেখকের হাতে লেখা কপি।

(c) DTP করা কপি (d) প্রথমবার ছাপা কপি

২৫। দুটি শব্দকে এক সঙ্গে জুড়ে দিতে হবে, বোঝানোর জন্য প্রুফে যে চিহ্নটি ব্যবহার করা হয় —

(a) + (b) ++ (c) ⁀‿ (d) ʎ

———————